NYC Public Schools

# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

Shiko këtë dokument në shqip | اعرض هذه الوثيقة باللغة العربية | এই নথিটি বাংলা ভাষায় দেখুন
Consultez ce document en français | Gade dokiman sa a an kreyòl ayisyen | 查看本文件的中文版
이 문서를 한국어로 보십시오 | Consulte este documento en español | Документ на русском языке
اس دستاویز کو اردو میں ملاحظہ کریں | Переглянути цей документ українською мовою | Ushbu hujjatni ichida ko'ring O'zbek

**schools.nyc.gov/MessagesForFamilies**

## নভেম্বর, 2025

পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্যে রয়েছে হেমন্ত (ফল) 2026-এর জন্য কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া, আসন্ন শেষ তারিখসমূহ, নভেম্বরের প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ, 2025-26 শিক্ষা বছরের প্রথম জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে), দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ, এবং নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য।

---

## বিষয়সূচি


- হেমন্ত 2026-এর কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া
- ভর্তি প্রক্রিয়ার আসন্ন শেষ তারিখসমূহ
- নভেম্বরের প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ
- জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে)
- দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ
- নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট


---

## কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া 9 ডিসেম্বর শুরু হবে

**মঙ্গলবার, 9 ডিসেম্বর** থেকে শুরু করে নিউ ইয়র্ক সিটির (NYC) যেসব ছেলেমেয়ে 2021 সালে জন্মগ্রহণ করেছে তারা হেমন্ত (ফল) 2026-এ কিন্ডারগার্টেনের ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। আপনি **MySchools.nyc** -এ আপনার সন্তানের আবেদনপত্রে বিভিন্ন গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) এবং ডুয়াল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষার) প্রোগ্রাম যোগ করতে পারেন; আপনি আবেদন করার পর G&T-এর যোগ্যতা নির্ণয় করা হবে। এই বছরের কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরো জানতে, **schools.nyc.gov/K** -এ অবস্থিত আমাদের "কিন্ডারগার্টেন" (Kindergarten) ওয়েবপেজটি দেখুন।

ফল (হেমন্ত) 2026-এর কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন গ্রহণ **শুক্রবার, 23 জানুয়ারি, 2026** তারিখ শেষ হবে।

---

# অনুস্মারক: ভর্তি প্রক্রিয়ার আসন্ন শেষ তারিখসমূহ

ডিসেম্বরের শুরুতে ভর্তি বিষয়ক দুইটি গুরুত্বপূর্ণ সময়সীমা আসছে! হাই স্কুলে ভর্তির আবেদন **বুধবার, 3 ডিসেম্বর** শেষ হবে এবং মিডল স্কুলে ভর্তির আবেদন **শুক্রবার, 12 ডিসেম্বর** শেষ হবে। প্রতিটি ভর্তি প্রক্রিয়া সম্পর্কিত আরও তথ্যের জন্য schools.nyc.gov/Admissions দেখুন।

---

# অনুস্মারক: প্যারেন্ট-টিচার কনফারেন্স

মনে রাখবেন যে এই বছর প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলোর (PTC) দ্বিতীয় দফা **বৃহস্পতিবার, 6 নভেম্বর** শুরু হবে। বিকেলের প্যারেন্ট-টিচার কনফারেন্সের দিনগুলোতে, শিক্ষার্থীদের নিয়মিত ছুটির সময়ের তিন ঘন্টা আগে ছুটি দেয়া হয়। সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলো বিকেল 4:30 p.m. এবং 8:00 p.m. -এর মধ্যে অনুষ্ঠিত হবে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে স্কুল এবং গ্রেড স্তরের ভিত্তিতে তারিখ ও সময় ভিন্ন ভিন্ন হতে পারে—আপনার সন্তানের PTC সময়সূচি এবং আপনি চাইলে সশরীরে উপস্থিত মিটিং সহ আপনার কনফারেন্স কীভাবে ধার্য হবে তা নিশ্চিত করতে তার স্কুলের সাথে যোগাযোগ করুন। পরামর্শ এবং পথ-নির্দেশনার জন্য schools.nyc.gov/ptc দেখুন।

---

# জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে)

2025-26 শিক্ষা বছরের জন্য প্রথম NYCPS জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে) হলো **বুধবার, 19 নভেম্বর!** প্রতিটি জলবায়ু রক্ষা কার্যক্রম দিবসে (ক্লাইমেট অ্যাকশন ডে), নিউ ইয়র্ক সিটির (NYC) পাবলিক স্কুল কমিউনিটিগুলো দিনটির থিম বা প্রতিপাদ্যের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন জলবায়ু সংক্রান্ত শিক্ষা কর্মকাণ্ড এবং দীর্ঘস্থায়ী চর্চা তুলে ধরে। নভেম্বর মাসের থিম বা প্রতিপাদ্য, "বর্জ্য বা আবর্জনা", স্কুলগুলোকে মাসজুড়ে এমন সব কার্যক্রম পরিকল্পনা করতে উৎসাহিত করে যা শিক্ষার্থী এবং তাদের পরিবারদেরকে তাদের উৎপাদিত বর্জ্যের পরিমাণ হ্রাস করার গুরুত্ব বুঝতে সহায়তা করে। আরও জানতে schools.nyc.gov/ClimateAction দেখুন।

---

# দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ

শীতকাল যখন এগিয়ে আসছে, তখন এটা স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে দুর্যোগপূর্ণ আবহাওয়ার মতো জরুরী পরিস্থিতিতে যদি স্কুল বিল্ডিংগুলো অবশ্যই বন্ধ রাখতে হয়, তবে K–12 গ্রেডের শিক্ষার্থীরা বাড়িতে রিমোট (দূর থেকে) শিক্ষা অর্জনে যোগ দেবে। যেসব ছেলেমেয়ে LYFE-এ অথবা কোনো এলিমেন্টারি স্কুল কিংবা প্রি-K সেন্টারের কোনো 3-K বা প্রি-K প্রোগ্রামে আছে, তাদের প্রোগ্রামের রূপরেখা অনুযায়ী দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) কার্যক্রমে অংশগ্রহণ করা উচিত।

আপনার সন্তানের যদি এখনও NYCPS থেকে একটি কার্যকর, ইন্টারনেট-সক্ষম ডিভাইস প্রয়োজন হয়, তবে সরাসরি আপনার স্কুলের সাথে কথা বলুন। আপনার ধারকৃত ডিভাইস কীভাবে ব্যবহার করবেন সেবিষয়ে পথ-নির্দেশনা পেতে schools.nyc.gov/NYCPSdevices দেখুন।

আপনার সন্তানের দূর থেকে (রিমোট) শিক্ষা অর্জনে অংশগ্রহণের জন্য যেসব সংস্থান বা রিসোর্স প্রয়োজন সেগুলোর সাথে আগে থেকেই নিজেকে পরিচিত করুন:

- প্রতিটি সক্রিয় NYCPS শিক্ষার্থীকে একটি **NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্ট** প্রদান করা হয়, যা তাদেরকে একই স্থানে লগইন করে NYCPS-এর সকল ডিজিটাল শিক্ষা উপকরণের সাথে সংযুক্ত করে। আরও জানতে schools.nyc.gov/HS দেখুন।
    - আপনি আপনার সন্তানের ইউজারনেম এবং পাসওয়ার্ড সম্পর্কে নিশ্চিত না হলে অনুগ্রহ করে selfservice.schools.nyc দেখুন অথবা আপনার স্কুলে সহায়তা অনুরোধ করুন।

- NYCPS যেসব ডিজিটাল শিক্ষা উপকরণ ব্যবহার করে সেগুলো সম্পর্কে আরো জানতে **schools.nyc.gov/DigitalLearning** দেখুন।

---

## নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA)

**schools.nyc.gov/NYCSA** -এ দেয়া নির্দেশাবলী অনুসরণ করে **NYC স্কুলস্ অ্যাকাউন্টের (NYCSA)** জন্য সাইন আপ করুন। প্রযোজ্য হলে, আপনি আপনার সন্তানের গ্রেড, পরিবহন, উপস্থিতি, ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) সম্পর্কে হালনাগাদ থাকতে NYCSA ব্যবহার করতে পারেন। আপনার সন্তানের স্কুল আপনার সাথে যোগাযোগ করতে NYCSA এবং বার্ষিক "ব্লু কার্ড" ফর্মে প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে, সেজন্যে আপনার জরুরি পরিস্থিতিতে যোগাযোগের তথ্য হালনাগাদ এবং নির্ভুল আছে তা নিশ্চিত করবেন!

এছাড়াও, NYCSA-এর মাধ্যমে আপনি:

- আপনার সন্তানের স্কুলের জন্য বিভিন্ন ডিজিটাল ফর্ম পূরণ এবং স্বাক্ষর করতে পারেন।
- সাপোর্টহাব-এর (**supporthub.schools.nyc**) মাধ্যমে NYCPS-এর বিভিন্ন ডিভাইস ও প্ল্যাটফর্মে প্রযুক্তিগত সহায়তা পেতে পারেন।
- কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল (CCECs) এবং আপনার স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন-এর (PA/PTA) মতো বিভিন্ন প্যারেন্ট গ্রুপ (পিতামাতাদের সংগঠন) থেকে তথ্য জানতে পারেন।